ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

<u>স-১৯৫৯</u>
আগরতলা,২৬ জুলাই,২০২৫

## প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

"পাঁচ মাস বেতন পাচ্ছে না কর্মীরা পাইপলাইনের মাধ্যমে অক্সিজেন সরবরাহ হুমকির মধ্যে" এই শিরোনামে গত ১৮ জুলাই, ২০২৫ ইং তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত সংবাদ জাতীয় স্বাস্থ্য মিশন ত্রিপুরা, স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে।

এ বিষয়ে দপ্তর থেকে এক স্পষ্টিকরণে জানানো হয়েছে, প্রকৃত তথ্য হলো এম.জি.পি.এস. স্থাপনকারী সংস্থা এর রক্ষণাবেক্ষণ ও পরিচালনার জন্য প্রয়োজনীয় কর্মীদের নিয়োগ এবং তাদের পারিশ্রমিক প্রদানের একমাত্র দায়িত্বপ্রাপ্ত। এটা স্পষ্ট করা জরুরি যে, জাতীয় স্বাস্থ্য মিশন, ত্রিপুরা কর্তৃক এই নির্দিষ্ট পদগুলির জন্য কোনও নিয়োগ বা আউটসোর্সিংয়ের ব্যবস্থা করা হয়নি এবং এই কর্মীদের জাতীয় স্বাস্থ্য মিশন, ত্রিপুরা কর্তৃক অর্থ প্রদানের কথা নয়।

অতএব, এই অপারেটিং কর্মীদের মজুরি জাতীয় স্বাস্থ্য মিশন, ত্রিপুরা আটকে রেখেছে বলে যে দাবি করা হয়েছে, তা সত্য নয়।

*****